NYC Department of Social Services
Human Resources Administration
Department of Homeless Services
Office of Child Support Services

# Pay It Off 2022 **এর বারংবার জিজ্ঞাসিত প্রশ্নাবলীর** (Frequently Asked Questions, FAQ) **পত্র**

দ্রষ্টব্য: Pay It Off-এর জন্য যোগ্য হতে, নন-কাস্টোডিয়াল (সামাজিক পরিষেবা বিভাগ) বাবা-মায়েদের NYC সামাজিক পরিষেবা বিভাগসেস (NYC Department of Social Services, NYC DSS)-এর কাছে স্থায়ীভাবে ঋণ থাকতে হবে। অধিক তথ্যের জন্য FAQ #3 দেখুন।

1. **আমি এই ফ্লায়ারটি কেন পেয়েছি**?
আপনি এই ফ্লায়ারটি পেয়েছেন কারণ আপনার অন্তত $1.000 ঋণ আছে শিশু সহায়তা-এ এবং তার মধ্যে অন্তত $500 ঋণ আছে NYC সরকার/সামাজিক পরিষেবা বিভাগ (Department of Social Services, DSS)-এর কাছে। NYC একটি সীমিত সময়ের অফার দিচ্ছে, যাতে আপনি আপনার বকেয়া শিশু সহায়তা ঋণটি হ্রাস করতে পারেন।

2. **কীভাবে এই প্রোগ্রামটি কাজ করে**?
17 অক্টোবর 2022 থেকে 31 অক্টোবর 2022 পর্যন্ত আপনাকে NYC DSS-এর কাছে স্থায়ীভাবে ঋণী হিসাবে ন্যূনতম $500 পরিশোধ করুন এবং Pay It Off চুক্তিপত্রে স্বাক্ষর করে জমা দিন। তারপর OCSS সেই সমপরিমাণ (আপনার পাওনা পর্যন্ত) আপনার ঋণ কমিয়ে আপনার পেমেন্টের সাথে মিলিয়ে দেখবে।
এখানে একটি উদাহণ দেওয়া হল:

| | | |
|---|---|---|
| উদাহরণ | Pay It Off এর অর্থপ্রদান অক্টোবরে করা হয়েছে | $600 |
| যোগ (+) | ম্যাচ করা পরিমাণ | $600 |
| **মোট** *(=)* | **শিশু সহায়তা ঋণ কমাতে প্রয়োগ করা মোট** | *$1,200* |

যদি আপনার আদালতের আদেশ সক্রিয়ভাবে চার্জ করা হয়ে থাকে, তাহলে আপনাকে প্রথমে আপনার অতি সাম্প্রতিক বর্তমান সহায়তার আদালতের আদেশকৃত বাধ্যবাধকতার মোট পরিমাণ অর্থ প্রদান করতে হবে যা অক্টোবর মাসে বকেয়া, যদি তা এখনও করা না হয়। বর্তমান সহায়তা প্রদানের জন্য নেওয়া পরিমাণ ম্যাচ করা হবে না। অবশিষ্ট পরিমাণ যদি আর $500 কে ছাড়িয়ে না যায়, তাহলে Pay It Off মানদণ্ডের উপর ভিত্তি করে তা ম্যাচ করা হবে না।
এখানে একটি উদাহণ দেওয়া হল:

| | | |
|---|---|---|
| উদাহরণ | Pay It Off এর অর্থপ্রদান অক্টোবরে করা হয়েছে | $600 |
| বাদ (-) | আদালতের আদেশ করা অক্টোবরের মোট বর্তমান সহায়তার দায়বদ্ধতা | $100 |
| সমান (=) | অবশিষ্ট রাশির পরিমাণ | $500 |
| যোগ (+) | **ম্যাচ করা পরিমাণ** | $500 |
| **মোট** *(=)* | **চাইল্ড সাপোর্ট ঋণ কমাতে প্রয়োগ করা মোট** | *$1,000* |

3. NYC **সামাজিক পরিষেবা বিভাগ** (DSS)-**এর কাছে স্থায়ী ঋণ বলে কী বোঝানো হয়েছে**?
যখন কোনো শিশু নগদ সহায়তায় থাকে অথবা কোনো শিশু ফস্টার কেয়ার-এ থাকে এবং যদি নন-কাস্টোডিয়াল (নগদ সহায়তায়) বাবা-মা আদালতের নির্দেশমতো অর্থ প্রদান করতে না পারেন, তাহলে এটি DSS-এর কাছে বকেয়া শিশু সহায়তা ঋণ হিসাবে ধরা হয়।

4. **আমি কিভাবে অর্থপ্রদান করতে পারি**?

আপনি যেভাবেই অর্থপ্রদান করার সিদ্ধান্ত নিন না কেন, আমরা একটি স্বাক্ষরিত Pay It Off চুক্তিপত্র না পেলে পেমেন্টটিকে মেলাতে পারব না। ক্রেডিট পাওয়ার জন্য প্রতিটি কেসের জন্য একটি পৃথক চুক্তিপত্র প্রয়োজন।

অর্থপ্রদান করার উপায়ও আছে:

1) **সশরীরে** উপস্থিত হয়ে চেক বা মানি অর্ডারের মাধ্যমে:
   151 W. Broadway, 4th floor
   New York, NY 10013
   সোমবার থেকে শুক্রবার সকাল 9 টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত (ছুটির দিন এবং সপ্তাহের শেষে দুদিন ব্যতীত)

2) চেক বা মানি অর্ডার **ডাকযোগে** পাঠান:
   OCSS – Pay It Off
   PO Box 830
   Canal Street Station
   New York, NY 10013

3) ফোনে ক্রেডিট কার্ড দিয়ে পেমেন্ট করার জন্য 929-252-5201 নম্বরে **ফোন** করুন

- ক্রেডিট পাওয়ার জন্য পেমেন্ট অবশ্যই 31 অক্টোবর, 2022-এর মধ্যে গৃহিত হতে হবে এবং আপনার সাম্প্রতিক আদালতের আদেশকৃত বর্তমান সহায়তার বাধ্যবাধকতার মোট পরিমাণ যা অক্টোবর মাসে বকেয়া আছে তা অবশ্যই প্রথমে পরিশোধ করতে হবে এবং তা মেলানো হবে না। on.nyc.gov/paymentmethods-এ কীভাবে পেমেন্ট করবেন সেই সম্পর্কে আরো জানুন।

*পেমেন্ট পদ্ধতি*

- অর্থপ্রদান চুক্তিপত্রের সাথে একত্রে করতে হবে। চুক্তিপত্রটি আলাদাভাবে জমা দিলে, কখন এবং কীভাবে পেমেন্ট জমা দেওয়া হবে তা জানান।
- একাধিক কেসের ক্ষেত্রে, প্রতি কেসের জন্য একটি পৃথক পেমেন্ট জমা করুন।
- "NYS Child Support Processing Center" এর অনুকূলে প্রদেয় অর্থ প্রদান করুন।
- আপনার পেমেন্টের সাথে কেস আইডি অন্তর্ভুক্ত করুন এবং "Pay It Off" সূচিত করুন।

দ্রষ্টব্য: গার্নিশমেন্ট (যেমন বেকারত্ব বীমা এবং পেচেক গার্নিশমেন্ট), সিজার বা ট্যাক্স ইন্টারসেপ্টের মাধ্যমে করা পেমেন্ট ম্যাচ করানো হবে না। এছাড়াও, বর্তমান শিশু সহায়তা (আদালত যে পরিমাণ রাশির আদেশ দিয়েছে তা মাসিকভাবে প্রদান করতে হবে) এর পেমেন্ট আপনার করা পেমেন্টের থেকে প্রথমে পরিশোধ করা হয়।

5. **আমি কেন প্রোগ্রামের জন্য যোগ্য নই**, **যদি আমার কেবলমাত্র কাস্টোডিয়াল বাবা-মা-এর কাছে ঋণ থাকে এবং** DSS-**র কাছে নয়।**?

আমাদের কাছে কেবলমাত্র এই অনুমতি আছে যে আমরা সরকার/DSS-এর কাছে বকেয়া ঋণ হ্রাস করতে পারি।

Pay It Off-এ অংশগ্রহণ করতে, আপনার অবশ্যই স্থায়ীভাবে NYC DSS-এর কাছে ন্যূনতম $500 এর চাশিশু সহায়তা ঋণ থাকতে হবে। আপনি পুরো ম্যাচটি পাবেন যদি, আপনার অন্তত $1000-এর বকেয়া থাকে, কারণ যদি আপনার শুধুমাত্র $500 বকেয়া থাকে এবং আপনি পুরোপুরি $500 পেমেন্ট করেন তবে কোনো

ম্যাচ হবে না। আপনার যদি শুধুমাত্র কাস্টোডিয়াল পিতামাতার কাছে অনির্ধারিত ঋণ বা ঋণসমূহ থাকে, তাহলে আপনি অংশগ্রহণ করতে পারবেন না।

একটি মধ্যস্থতা প্রোগ্রামে অংশগ্রহণ করা কাস্টোডিয়াল পিতামাতার সাথে তাদের বকেয়া ঋণ হ্রাস করার কথা বিবেচনা করার ব্যাপারে কথোপকথন শুরু করার প্রেরণা যোগায়। আমাদের ওয়েবসাইটে মধ্যস্থতা পরিসেবার ফ্লায়ার দেখুন: bit.ly/MediationBrochure।

6. **আমি যদি ন্যূনতম** $500 **প্রদান করতে না পারি তবে কী হবে**?

এই নির্দিষ্ট প্রোগ্রামটির জন্য আপনাকে বকেয়ার ন্যূনতম $500 পেমেন্ট করতে হবে যাতে এই সীমিত সময়ের অফারের লাভ পেতে পারেন।

কিন্তু, আপনার শিশু সহায়তা ঋণের ক্ষেত্রে পেমেন্ট প্রদান আপনাকে অন্যদিক থেকে সুবিধা এনে দেবে। আপনি প্রযোজ্য অন্য কোনো কার্যকরীকরণ এড়িয়ে যেতে পারবেন।  এছাড়াও আপনি আমাদের এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রামে সাইন আপ করতে পারেন, যেখানে আপনাকে কেবলমাত্র আদালত নির্দেশিত বর্তমান মাসিক শিশু সহায়তার দায়টুকুই প্রদান করতে হবে।  আপনি এই বিষয়ে আরও বিস্তারিত জানতে পারবেন নিচে দেওয়া FAQ #7 পড়ে।

7. **এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রাম কী**?

এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রাম চুক্তি স্বাক্ষর করার দিন থেকে শুরু করে সম্পূর্ণ এক বছর ধরে ধারাবাহিকভাবে আপনার আদালত নির্দেশিত দায়ের অর্থ সম্পূর্ণ পরিমাণে পরিশোধ করার পর এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রাম আপনাকে সহায়তা করবে আপনার স্থায়ীভাবে-সহায়তা প্রাপ্ত DSS এরিয়ারে $5,000 পর্যন্ত ক্রেডিট পাওয়ার জন্য যোগ্য হতে। আপনি 3 বছর পর্যন্ত যোগ্য হতে পারবেন এবং মোট $15,000 পর্যন্ত ক্রেডিট পেতে পারেন।

যদি আপনি এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রামে নথিভুক্ত হন এবং একই সময়ে যদি আপনি Pay It Off-এ নথিভুক্ত হন এবং আপনাকে যোগ্য মনে করা হয়, তাহলে আপনি যোগ্য হতে পারবেন অতিরিক্ত $1,000 পর্যন্ত NYC সরকার/DSS-এর কাছে ঋণের হ্রাস পাওয়ার জন্য।

এখানে একটি উদাহরণ দেওয়া হল:

| | | |
|---|---|---|
| উদাহরণ | অক্টোবরে অর্থপ্রদান করা হয়েছে | $600 |
| বাদ (-) | অক্টোবর মাসের মোট বর্তমান সাপোর্ট বা মাসিক বাধ্যবাধকতা | $100 |
| সমান (=) | অবশিষ্ট রাশির পরিমাণ | $500 |
| যোগ (+) | **ম্যাচ করা পরিমাণ** | $500 |
| যোগ (+) | **স্বাক্ষরিত বকেয়া সীমার চুক্তি** | $1,000 |
| ***মোট*** *(=)* | ***চাইল্ড সাপোর্ট ঋণ কমাতে প্রয়োগ করা মোট*** | *$2,000* |
| যোগ *(+)* | অক্টোবর *2023*-এ যদি শিশু সহায়তা পেমেন্ট করা হয় | *$5,000* |
| যোগ *(+)* | অক্টোবর *2024*-এ যদি শিশু সহায়তা পেমেন্ট করা হয় | *$5,000* |
| যোগ *(+)* | অক্টোবর *2025*-এ যদি শিশু সহায়তা পেমেন্ট করা হয় | *$5,000* |
| ***মোট*** *(=)* | *DSS* ***ঋণ হ্রাস করতে মোট যতটা প্রয়োগ করা হল*** | *$17,000* |

নন-কাস্টোডিয়াল উপযুক্তভাবে বাবা-মা, যাদের একাধিক অ্যাকাউন্ট আছে, তাদের ক্ষেত্রে উপযুক্তভাবে অতিরিক্ত ক্রেডিট প্রয়োগ করা হতে পারে প্রতিটি অ্যাকাউন্টে।

8. **এর মানে কি এই যে, আমি বকেয়া থেকে অতিরিক্ত** $5,000 **হ্রাস পাব, যদি আমি** Pay It Off **প্রোগ্রামে যোগ দেওয়ার সময় এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রামে নথিভুক্ত হই**?
না। এক বছর ধরে ধারাবাহিকভাবে এবং পুরোপুরি বর্তমান **চাইল্ড সাপোর্ট** পেমেন্ট করলে তবেই আপনি এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রামের মাধ্যমে $5,000 ক্রেডিট লাভ করার জন্য যোগ্য হতে পারেন। সেই বছর শুরু হবে সেই তারিখ থেকে, যেদিন আপনি এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রাম চুক্তিটি স্বাক্ষর করবেন। আপনি 3 বছর পর্যন্ত যোগ্য হতে পারবেন এবং মোট $15,000 পর্যন্ত ক্রেডিট পেতে পারেন। উপরের FAQ #7 -এ উদাহরণটি দেখুন।
আপনি একই সময়ে Pay It Off-এর সাথে স্বাক্ষর করে বোনাস হিসাবে অতিরিক্ত $1,000 পর্যন্ত ঋণে হ্রাস পাবেন।

9. **আমি কি অক্টোবর মাসে একাধিক পেমেন্ট করতে পারি**? **উদাহরণস্বরূপ, যদি আমি প্রোগ্রামের প্রথম সপ্তাহে** $1,000 **পেমেন্ট করি এবং প্রোগ্রামের দ্বিতীয় সপ্তাহে আমি আবার** $1,000 **পেমেন্ট করি, তাহলে কি আমি দুটি পেমেন্ট করতে পারব**?
হ্যাঁ, আপনি একাধিক পেমেন্ট করতে পারেন, যে পর্যন্ত প্রোগ্রামের শেষ তারিখ, 31 অক্টোবর 2022 অবধি পেমেন্ট আপনার অ্যাকাউন্টে পোস্ট করা যায়, সেগুলির প্রতিটি $500 এর অধিক হয় এবং প্রোগ্রাম শেষ হওয়ার তারিখের আগে আপনি প্রতিটি পেমেন্টের জন্য একটি চুক্তি স্বাক্ষর করে পাঠান।

10. **আমি কীভাবে** Pay It Off **চুক্তি এবং/অথবা এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রাম আবেদনমপত্র জমা দেব**?
শুরু করতে,

1. Pay It Off চুক্তি ডাউনলোড করুন এখানে: [nyc.gov/payitoff](nyc.gov/payitoff)। আপনি হয়তো ডাকযোগে পেয়েছেন।
2. চুক্তিপত্রটি সম্পূর্ণ করে স্বাক্ষর করুন। ক্রেডিট পাওয়ার জন্য প্রতিটি কেসের জন্য একটি পৃথক চুক্তিপত্র প্রয়োজন।
3. এটিকে নিম্নরূপে জমা করুন:
   **ইমেইলের মাধ্যমে** [dcse.cseweb@dfa.state.ny.us](mailto:dcse.cseweb@dfa.state.ny.us)-এ, ইমেইলে আপনার কেস আইডি এবং “Pay It Off” লিখতে ভুলবেন না
   **ডাকযোগে** নিম্নলিখিত ঠিকানায়:
   OCSS – Pay It Off
   PO Box 830
   Canal Street Station
   New York, NY 10013
   **সশরীরে উপস্থিত হয়ে**:
   151 W. Broadway, 4th floor
   New York, NY 10013
   সোমবার থেকে শুক্রবার সকাল 9 টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত (ছুটির দিন এবং সপ্তাহের শেষে দুদিন ব্যতীত)

*Pay It Off* চুক্তিপত্র

আপনি এরিয়ার্স ক্রেডিট প্রোগ্রাম-এর আবেদনপত্র nyc.gov/ocss-debt-reduction-এ ডাউনলোড করতে পারবেন। সেটিকে Pay It Off-এর সাথে উপরে উল্লিখিত হিসাবে জমা দিন।

OCSS এর ঋণ হ্রাসের ওয়েবপেজ

11. **আমি যদি আমার পেমেন্ট জমা দিই কিন্তু চুক্তি না সই করি**, **তবে কী হবে**?
চুক্তি স্বাক্ষর না করলে আপনি Pay It Off ম্যাচের জন্য যোগ্য হবেন না। আপনাকে অবশ্যই চুক্তিপত্রটি , 2022 সালে 31 অক্টোবরের আগে পূরণ করতে হবে, স্বাক্ষর করতে হবে এবং ফেরত দিতে হবে। FAQ #10 দেখুন।

12. **আমার ঋণে কত টাকা বকেয়া আছে**?
আপনার অ্যাকাউন্টের ব্যালেন্স জানতে OCSS-এর সাথে যোগাযোগ করুন:

- **ইমেইল করুন** dcse.cseweb@dfa.state.ny.us-এ। অনুগ্রহ করে, আপনার ইমেইল অনুসন্ধানে আপনার শিশু সহায়তা কেস নম্বর অন্তর্ভুক্ত করুন।
- একজন কাস্টমার সার্ভিস কেসওয়ার্কারের সাথে একটি ফোন অ্যাপয়েন্টমেন্টের জানান ইমেল করে এই ঠিকানায়- dcse.cseweb@dfa.state.ny.us। অনুগ্রহ করে আপনার নাম, শিশু সহায়তা কেস নম্বর, আপনার উদ্বেগের বিবরণ, ফোন নম্বর এবং আপনার সাথে যোগাযোগ করার সেরা সময় দিন। আপনার ইমেল-এর বিষয় হিসাবে "একটি গ্রাহক সেবা অ্যাপয়েন্টমেন্টের অনুরোধ করা হচ্ছে (Requesting a Customer Service Appointment)" লিখুন।
- **ফোন করুন** নিউ ইয়র্ক শিশু সহায়তা হেল্পলাইন নম্বর 888-208-4485-এ।
- **ডাকযোগে** আমাদের OCSS, PO Box 830, Canal Street Station, New York, NY 10013 ঠিকানায় পাঠান।
- **চলে আসুন** 151 W. Broadway, 4th floor, New York, NY 10013 এ (সোমবার থেকে শুক্রবার সকাল 9 টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত ছুটির দিন এবং সপ্তাহের শেষ দুদিন ব্যতীত)

13. **যদি আমি** $500 **প্রদান করি**, **তাহলে আমার ঋণে তার কতটা জমা হবে**?
এটি নির্ভর করবে আপনার নির্দিষ্ট কেসের উপর। উদাহরণস্বরূপ, যদি আপনি $500 প্রদান করেন, তখন যতটা আপনার ঋণ আছে তার মধ্যে আপনার ঋণ হ্রাস হতে পারে $1,000 পর্যন্ত। FAQs #2 এবং 7-এ দেওয়া উদাহণ আপনার জন্য সহায়ক হতে পারে।

14. **কে অর্থ পাবেন যদি** DSS **এবং ভারপ্রাপ্ত বাবা**-**মা উভয়ের কাছেই আমার ঋণ থাকে**?
অর্থটি বন্টন করা হবে ফেডারাল বন্টনের নিয়ম অনুযায়ী। আপনার কেসের বিষয়ে বিস্তারিত জানতে, আপনি এইগুলি করতে পারেন:

- **ইমেইল করুন** dcse.cseweb@dfa.state.ny.us-এ। অনুগ্রহ করে, আপনার ইমেইল অনুসন্ধানে আপনার শিশু সহায়তা কেস নম্বর অন্তর্ভুক্ত করুন। কেউ আপনাকে ফোন করবেন অথবা আপনার মেইলের উত্তর দিবেন।
- একজন কাস্টমার সার্ভিস কেসওয়ার্কারের সাথে একটি ফোন অ্যাপয়েন্টমেন্টের **অনুরোধ** জানান ইমেল করে এই ঠিকানায়- dcse.cseweb@dfa.state.ny.us। অনুগ্রহ করে আপনার নাম, (শিশু সহায়তা কেস নম্বর, আপনার উদ্বেগের বিবরণ, ফোন নম্বর এবং আপনার সাথে যোগাযোগ করার সেরা সময় দিন। আপনার ইমেল-এর বিষয় হিসাবে "Pay It Off Requesting a Customer Service Appointment" (পে ইট অফ কাস্টমার সার্ভিস অ্যাপয়েন্টমেন্টের অনুরোধ করা হচ্ছে।
- **ফোন করুন** নিউ ইয়র্ক শিশু সহায়তা হেল্পলাইন নম্বর 888-208-4485-এ।
- **ডাকযোগে** আমাদের "OCSS – Pay It Off, PO Box 830, Canal Street Station, New York, NY 10013" ঠিকানায় পাঠান।

- **চলে আসুন** 151 W. Broadway, 4th floor, New York, NY 10013 এ (সোমবার থেকে শুক্রবার সকাল 9 টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত ছুটির দিন এবং সপ্তাহের শেষ দুদিন ব্যতীত)

15. **যদি আমার ঋণ অন্য একটি রাজ্য বা কাউন্টির কাছে হয়**, **তবে কি আমি এই প্রোগ্রামের জন্য তবুও যোগ্য হব**?
না, এই প্রোগ্রামের ম্যাচ শুধুমাত্র NYC সরকার/সামাজিক পরিষেবা বিভাগের কাছে যে অর্থ বকেয়া রয়েছে তার মধ্যেই সীমিত।

16. **আমি কি** Pay It Off **প্রোগ্রামে এই বছরে অংশগ্রহণ করার জন্য যোগ্য**, **যদি আমি আগের বছরে অংশগ্রহণ করে থাকি**?
হ্যাঁ।

17. DSS-**এ প্রদেয় সুদের সাথে আমার কাছে অর্থ বিচার থাকলে কী হবে**?
যদি সুদ ছাড়াই DSS-এর কাছে বকেয়া অর্থ বিচারের নীতি সম্পূর্ণরূপে পরিশোধ করা হয়, তাহলে OCSS DSS-এর কাছে বকেয়া সমস্ত সুদও মুছে ফেলবে।

**আপনি কি শারীরিক বা মানসিকভাবে অসুস্থ বা প্রতিবন্ধী**? এই অবস্থাটি কি এই নোটিসটি বুঝতে বা এই নোটিসটিতে যা করতে বলা হয়েছে তা করতে আপনার ক্ষেত্রে কঠিন করে তুলছে? এই অবস্থাটি কি আপনার পক্ষে HRA-তে অন্যান্য পরিষেবাগুলি পাওয়া কঠিন করে তুলছে? আমরা আপনাকে সাহায্য করতে পারি। 718-557-1399 নম্বরে আমাদের ফোন করুন। আপনি যখন HRA অফিসে যাবেন তখনও সাহায্য চাইতে পারেন। আইনের অধীনে এই ধরনের সাহায্য চাওয়ার অধিকার আপনার আছে।